

## ■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৪০৮

৭০/ খাওয়া সংক্রান্ত (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৭০/১৮. গোশত দাঁত দিয়ে ছিঁড়ে এবং তুলে নিয়ে খাওয়া

بَاب النَّهْسِ وَأَنْتِشَالِ اللَّحْمِ

আরবী

عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْوَهَابِ حَدَّثَنَا حَمَادٌ حَدَّثَنَا أَيْوبُ عَنْ مُحَمَّدٍ عَنْ أَبْنِ عَبَّاسٍ قَالَ تَعَرَّقَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتِفًا ثُمَّ قَامَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّأْ.

বাংলা

৫৪০৮. ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি ক্ষণের মাংস দাঁত দিয়ে ছিঁড়ে খেলেন। [1] তারপর তিনি উঠে গিয়ে (নতুনভাবে) অযু না করেই সালাত আদায় করলেন। [২০৭] (আধুনিক প্রকাশনী- ৫০০৩, ইসলামিক ফাউন্ডেশন- ৪৮৯৯)

## English

Narrated Ibn 'Abbas:

The Prophet (ﷺ) ate of the meat of a shoulder (by cutting the meat with his teeth), and then got up and offered the prayer without performing the ablution anew.

ফুটনোট

[1]. সাধারণতঃ পাশ্চাত্যবাসীরা খাবার গ্রহণের সময় ছুরি, কাটা চামচ ইত্যাদি ব্যবহার করে। এটা আমাদের নাবী (ﷺ) পছন্দ করতেন না। দাঁত দিয়ে গোশত কাটলে মুখে প্রচুর পরিমাণ লালা গ্রস্তি হতে লালা নির্গত হয়। উক্ত লালাতে যথেষ্ট পরিমাণ টায়ালিন, মিউসিন ও স্যালিভারী এমাইলেস নামক হজমের এনাজাইম বিদ্যমান থাকে এবং তা খাদ্য দ্রব্য হজম করতে সাহায্য করে। তাছাড়া খাদ্য দ্রব্য চিবাতে ও গিলতে ঐ লালা খাদ্য নালীকে পিছ্ল করে। এটা হলো আধুনিক শরীর বিজ্ঞানীদের গবেষণার ফল। অথচ দেড় হাজার বছর পূর্বে নাবী মুহাম্মাদ (ﷺ) বলে গেছেন যে, দাঁত দ্বারা ছিঁড়ে খেলে স্বাস্থ্যের জন্য অনেক উপকারী এবং তিনি নিজেও তা পালন করেছেন। খাদ্য দ্রব্য ভাল করে চিবাতে হয়। চিকিৎসা শাস্ত্রে উল্লেখ আছে যে খাদ্য দ্রব্য ৩২ বার চিবাতে হয়। A Hand

Book of Social and Preventive Medicine. Yash Pal Bedi, Delhi, 1982, p-215)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=29977>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন